

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২০-১১-২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ডিজিটাল হাজিরা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল এম মোজ্জাম্মেল হক, বিএন, চেয়ারম্যান।
তারিখ : ২০-১১-২০১৯ খ্রিঃ।
সময় : ১১.০০ ঘটিকা।
স্থান : মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

আলোচ্যসূচীঃ- ডিজিটাল হাজিরা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	ডিজিটাল হাজিরা নিশ্চিত প্রসঙ্গে।	ডিজিটাল হাজিরা নিশ্চিতকরণের লক্ষ্যে বর্তমানে ব্যবহৃত মানুষ্যাল হাজিরা খাতা বন্ধ করার জন্য সভায় আলোচনা হয়। প্রত্যেক বিভাগীয়/কোষ প্রধানগণ নিজ নিজ দায়িত্বে তাঁর দপ্তরের হাজিরা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য যে, আগামি ০১ জানুয়ারি ২০২০ থেকে শতভাগ ডিজিটাল হাজিরা নিশ্চিতকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	আগামি ০১ জানুয়ারি ২০২০ থেকে শতভাগ ডিজিটাল নিশ্চিত করতে হবে।	সকল বিভাগ / কোষ প্রধান
২.	ডিজিটাল হাজিরা অর্গানাইজ প্রসঙ্গে।	প্রত্যেক বিভাগীয়/কোষ প্রধানগণ তাঁর অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের ডিজিটাল হাজিরার নিজ দপ্তরে বসে তদারকি করবেন এবং শতভাগ ডিজিটাল হাজিরা নিশ্চিত করার বিষয়ে পরিচালক (প্রশাসন) বরাবর প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ডিজিটাল হাজিরা নিশ্চিত করা সহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে।	সকল বিভাগ / কোষ প্রধান
৩.	মবক'র জলযানে কর্মরতদের ডিজিটাল হাজিরা প্রসঙ্গে।	মবক'র জলযানে কর্মরতদের ডিজিটাল হাজিরা প্রদানের বিষয়ে সিবিএ এর সভাপতি জানান যে, জাহাজের স্টাফগণের ২৪ ঘন্টা ডিউটিরত থাকায় তাদের পক্ষে নিয়মিত ডিজিটাল হাজিরা প্রদান করা সম্ভব নয়। এ বিষয়ে সভায় আলোচনা হয় যে, জাহাজের স্টাফগণ জাহাজে ওঠার আগে এবং জাহাজ থেকে নামার পর থাম্ব মেশিনে আঙ্গুলের ছাপ দিয়ে হাজিরা নিশ্চিত করতে হবে।	হারবার বিভাগ কর্তৃক জাহাজে কর্মরতদের ডিজিটাল হাজিরার বিষয়টি নিশ্চিত করতে হবে।	হারবার মাস্টার
৪.	সিফটিং ডিউটির ক্ষেত্রে ডিজিটাল হাজিরা প্রসঙ্গে।	মবক'র অপারেশনাল কাজে নিয়োজিতদের সিফটিং ডিউটির ক্ষেত্রে ডিউটিতে আসার সময় এবং ডিউটি শেষে বের হবার সময় থাম্ব মেশিনে আঙ্গুলের ছাপ দিতে হবে। এ হাজিরা রাত ১১.৫৯ পর্যন্ত কার্যকরী থাকে। তবে পরবর্তী ডিউটি থাকলে পুনরায় রাত ১২.০১ মিনিটে আঙ্গুলের ছাপ দিতে হবে।	মবক'র অপারেশনাল কাজে নিয়োজিতদের সিফটিং ডিউটির ক্ষেত্রে রাত ১১.৫৯ পর্যন্ত কার্যকরী থাকে। তবে পরবর্তী ডিউটি থাকলে পুনরায় রাত ১২.০১ ডিজিটাল হাজিরার বিষয়টি নিশ্চিত করতে হবে।	যাঃ ও তঃ, ট্রাফিক, নৌ-প্রকৌঃ, নিরাপত্তা ও মেডিকেল বিভাগ
৫.	লিভ ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ প্রসঙ্গে।	মবকতে কর্মরতদের সকল প্রকার ছুটির আবেদন অনলাইনের মাধ্যমে অনুমোদনের জন্য সভায় আলোচনা হয়।	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল বিভাগ / কোষ প্রধান

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২৫-১১-১৯
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

নভেম্বর ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ২৫-১১-১৯
পরিচালক (প্রশাসন)